15 দৈনিক বাংলা

তারিখ ... ২৮/৮/৯১
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

## এইচএসসি পরীক্ষার সময়সূচী পরিবর্তন

আগামী ১১ সেপ্টেম্বর উপনির্বাচন ও ১৫ সেপ্টেম্বর গণভোট অনুষ্ঠানের কর্মসূচী ঘোষণা করায় ঢাকা, রাজশাহী ও যশোর শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্ব-ঘোষিত সময়সূচীর ১০ হতে ১৬ সেপ্টেম্বরের বিষয়সমূহের পরীক্ষা ২১ থেকে ২৮ সেপ্টেম্বরে অনুষ্ঠিত হবে।

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

বাতিলের দাবীতে বিক্ষুব্ধ

## এইচএসসি পরীক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

পরিবর্তিত সময়সূচী অনুযায়ী ১০ তারিখের পরীক্ষা ২১, ১১ তারিখের পরীক্ষা ২৩, ১২ তারিখের পরীক্ষা ২৪, ১৪ তারিখের পরীক্ষা ২৫, ১৫ তারিখের পরীক্ষা ২৬ ও ১৬ তারিখের পরীক্ষা ২৮ তারিখে অনুষ্ঠিত হবে।

পরিবর্তিত দিন ও তারিখের পরীক্ষার বিষয় ও সময় পূর্বঘোষিত দিন ও তারিখের বিষয় ও সময় অনুযায়ী হবে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পরিবর্তিত সময়সূচী বোর্ডের পক্ষ থেকে জানানো হবে। খবর তথ্য বিবরণীর।